রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**শনিবার, এপ্রিল ৭, ২০১৮**

**[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]**

**বাংলাদেশ শিশু একাডেমী**
**দোয়েল চত্বর সড়ক**
**শাহবাগ, ঢাকা-১০০০।**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২০ ফাল্গুন ১৪২৪ বঙ্গাব্দ/০৪ মার্চ ২০১৮ খ্রিস্টাব্দ

**এস. আর. ও. নং ৬৯-আইন/২০১৮।**—Bangladesh Shishu Academy Ordinance, 1976 (Ordinance No. LXXIV of 1976) এর section 18 এ প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ শিশু একাডেমী, সরকারের পূর্বানুমোদনক্রমে, শিশু একাডেমীর কর্মচারী প্রবিধানমালা, ১৯৯০ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত প্রবিধানমালার—

(ক) প্রবিধান ২ এর দফা (ঢ) এর পর নিম্নরূপ নূতন দফা (ঢঢ) সন্নিবেশিত হইবে, যথা :—

"(ঢঢ)" সিজিপিএ" অর্থ Cumulative Grade Point Average (CGPA)";

(খ) প্রবিধান ৫৬ এর পর নিম্নরূপ নূতন প্রবিধান ৫৬ক সন্নিবেশিত হইবে, যথা :—

"৫৬ক। **বিশেষ বিধান।**—(১) তফসিলের ক্রমিক নং ৮ এর উপজেলা শিশু বিষয়ক কর্মকর্তা, ১১ এর এয়ারকন্ডিশন মেশিন অপারেটর, ২৩ এর লেজার কীপার এবং ২৬ এর হিসাব সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে বর্তমানে কর্মরত কোন কর্মকর্তা বা কর্মচারীর পদোন্নতি, অবসর গ্রহণ, চাকরিচ্যুতি, পদত্যাগজনিত, মৃত্যুজনিত বা অন্য কোন কারণে উহা শূন্য হইলে স্বয়ংক্রিয়ভাবে উক্ত পদগুলি বিলুপ্ত হইবে, এবং উক্ত পদসমূহে কোন জনবল নিয়োগ করা যাইবে না।

(২) তফসিলে উল্লিখিত ক্রমিক নং ৩৫ এর অফিস সহায়ক পদে এই প্রজ্ঞাপন জারির তারিখে কর্মরত কর্মচারীগণ সংশ্লিষ্ট পদে ৫ (পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতা থাকা সাপেক্ষে ক্রমিক নং ৩২ এর ফটোকপি অপারেটর ও ৩৩ এর মাইক্রোফোন অপারেটর পদে পদোন্নতিপ্রাপ্ত হইবেন।";


**মূল্য :** টাকা ১৬·০০

(গ) তফসিলের পরিবর্তে নিম্নরূপ তফসিল প্রতিস্থাপিত হইবে, যথা :—

**"তফসিল**

**[ প্রবিধান ২(ছ) দ্রষ্টব্য ]**

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১। | প্রোগ্রাম অফিসার | ৩০ বৎসর | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৫০% পদে সরসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>(ক) গাইড বা উপজেলা শিশু বিষয়ক কর্মকর্তা পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকরি;<br>অথবা<br>(খ) সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর বা কম্পিউটার অপারেটর পদে অন্যূন ৮(আট) বৎসরের চাকরিসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রি থাকিতে হইবে; অথবা<br>(গ) উচ্চমান সহকারী বা সাঁটমুদ্রক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর বা হিসাব সহকারী বা লাইব্রেরি সহকারী বা লাইব্রেরিয়ান-কাম-মিউজিয়াম কীপার বা স্টোর কীপার বা কেয়ারটেকার বা প্রুফ রীডার বা ক্যাটালগার পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকরিসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রি থাকিতে হইবে।<br>**সরসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপি-তে স্নাতকোত্তর ডিগ্রি |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) সহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকিতে হইবে। |
| ২। | জেলা শিশু বিষয়ক কর্মকর্তা | ৩০ বৎসর | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>(ক) গাইড বা উপজেলা শিশু বিষয়ক কর্মকর্তা পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি; অথবা<br>(খ) সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর বা কম্পিউটার অপারেটর পদে অন্যূন ৮ (আট) বৎসরের চাকরিসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রি থাকিতে হইবে; অথবা<br>(গ) উচ্চমান সহকারী বা সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর বা হিসাব সহকারী বা লাইব্রেরি সহকারী বা লাইব্রেরিয়ান-কাম-মিউজিয়াম কীপার বা স্টোর কীপার বা কেয়ারটেকার বা প্রুফ রীডার বা ক্যাটালগার পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকরিসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রি থাকিতে হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) সহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকিতে হইবে। |
| ৩। | লাইব্রেরিয়ান | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>লাইব্রেরি সহকারী বা লাইব্রেরিয়ান-কাম-মিউজিয়াম কীপার বা ক্যাটালগার পদে অন্যূন ১০(দশ) বৎসরের চাকরিসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রি থাকিতে হইবে।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞানে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) সহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪(চার) বৎসর মেয়াদি অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকিতে হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৪। | মিউজিয়াম কীপার | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>লাইব্রেরি সহকারী বা লাইব্রেরিয়ান-কাম-মিউজিয়াম কীপার পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকরিসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রি থাকিতে হইবে।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ইতিহাস বা ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বা সমাজবিজ্ঞান বা ভূগোল বা সামাজিক বিজ্ঞান বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) সহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি; এবং<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ৫। | হিসাব রক্ষণ অফিসার | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>হিসাব রক্ষক পদে অন্যূন ৬(ছয়) বৎসর অথবা হিসাব সহকারী পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে হিসাববিজ্ঞানে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) সহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকিতে হইবে। |
| ৬। | প্রশাসনিক অফিসার | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>(ক) সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর বা কম্পিউটার অপারেটর পদে অন্যূন ৮ (আট) বৎসরের চাকরিসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রি থাকিতে হইবে; অথবা<br>(খ) উচ্চমান সহকারী বা সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর বা স্টোর কীপার বা কেয়ারটেকার বা প্রুফ রীডার বা ক্যাটালগার পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকরিসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রি থাকিতে হইবে।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) সহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকিতে হইবে। |
| ৭। | গাইড | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>লাইব্রেরিয়ান-কাম-মিউজিয়াম কীপার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরিসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রি থাকিতে হইবে।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ইতিহাস বা ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বা সমাজবিজ্ঞান বা ভূগোল বা সামাজিক বিজ্ঞান বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) সহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকিতে হইবে। |
| ৮। | উপজেলা শিশু বিষয়ক কর্মকর্তা | প্রবিধান ৫৬ক (১) দ্রষ্টব্য। | | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৯। | সাউন্ড-ইন-চার্জ | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে ইলেকট্রিক্যাল বা ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং এ ডিপ্লোমা:<br>(খ) আধুনিক অডিও সিস্টেম ও স্টেজ অডিও ব্যবস্থাপনায় বাস্তব অভিজ্ঞতাসহ শব্দ নিয়ন্ত্রণ পদ্ধতি, টেপ রেকর্ডিং, সঙ্গীত, স্বর এবং সঙ্গীত পরিবেশনার উপর মৌলিক জ্ঞান থাকিতে হইবে এবং<br>(গ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকিতে হইবে। |
| ১০। | লাইট-ইন-চার্জ | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে ইলেকট্রিক্যাল বা ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং এ ডিপ্লোমা:<br>(খ) মঞ্চ আলোক নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা এবং মঞ্চের কারিগরি দক্ষতাসহ আলোক প্রক্ষেপণ, প্ল্যান ডিজাইন, ইত্যাদির উপর কারিগরি দক্ষতা থাকিতে হইবে; এবং<br>(গ) কম্পিউটার লাইট কনসোলে যথাযথ জ্ঞানসহ কম্পিউটার চালনায় দক্ষতা থাকিতে হইবে। |
| ১১। | এয়ারকন্ডিশন মেশিন অপারেটর | প্রবিধান ৫৬ক (১) দ্রষ্টব্য। | | |
| ১২। | হিসাব রক্ষক | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>হিসাব সহকারী পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে স্নাতক ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকিতে হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১৩। | সাঁট লিপিকার-কাম-কম্পিউটার অপারেটর | Stenographers and Steno-typists (Ministries, Divisions and Attached Departments) Recruitments Rules, 1978 অনুযায়ী। তবে কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং, ইত্যাদির ক্ষেত্রে সর্বনিম্ন গতি "সাঁটলিপিকার বা স্টেনোগ্রাফার, সাঁটমুদ্রাক্ষরিক বা স্টেনোটাইপিস্ট, অফিস-সহকারী-কাম-মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী ও মুদ্রাক্ষরিক পদের পদবি পরিবর্তন ও নিয়োগ যোগ্যতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১০" অনুযায়ী। | | |
| ১৪। | কম্পিউটার অপারেটর | Computer Personnel (Government and Local authorities) Recruitment Rules, 1985 অনুযায়ী। | | |
| ১৫। | উচ্চমান সহকারী | Ministries and Divisions (Upper Division Assistant and Section Assistant) Recruitment Rules, 1984 অনুযায়ী। | | |
| ১৬। | সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর | Stenographers and Steno-typists (Ministries, Divisions and Attached Departments) Recruitments Rules, 1978 অনুযায়ী। তবে কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং, ইত্যাদির ক্ষেত্রে সর্বনিম্ন গতি "সাঁটলিপিকার বা স্টেনোগ্রাফার, সাঁটমুদ্রাক্ষরিক বা স্টেনোটাইপিস্ট, অফিস-সহকারী-কাম-মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী ও মুদ্রাক্ষরিক পদের পদবি পরিবর্তন ও নিয়োগযোগ্যতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১০" অনুযায়ী। | | |
| ১৭। | হিসাব সহকারী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে স্নাতক ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকিতে হইবে। |
| ১৮। | লাইব্রেরি সহকারী | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক বা ডাটা এন্ট্রি অপারেটর বা বিক্রয়কর্মী পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরিসহ কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট থাকিতে হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞানে স্নাতক ডিগ্রি অথবা কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেটসহ কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা; এবং<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকিতে হইবে। |
| ১৯। | লাইব্রেরিয়ান-কাম-মিউজিয়াম কীপার | ৩০ বৎসর | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক বা ডাটা এন্ট্রি অপারেটর বা বিক্রয়কর্মী বা হিসাব সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরিসহ কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট থাকিতে হইবে।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞানে স্নাতক ডিগ্রি অথবা কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেটসহ কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা; এবং<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকিতে হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ২০। | স্টোর কীপার | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক বা ডাটা এন্ট্রি অপারেটর বা বিক্রয়কর্মী বা হিসাব সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরিসহ কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট থাকিতে হইবে।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রি;<br>(খ) সংশ্লিষ্ট বিষয়ে বাস্তব অভিজ্ঞতা; এবং<br>(গ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকিতে হইবে। |
| ২১। | কেয়ারটেকার | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক বা ডাকা এন্ট্রি অপারেটর বা বিক্রয়কর্মী বা হিসাব সহকারী- কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকরিসহ কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট থাকিতে হইবে।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রি;<br>(খ) সংশ্লিষ্ট বিষয়ে বাস্তব অভিজ্ঞতা; এবং<br>(গ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকিতে হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ২২। | প্রুফ রীডার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রি;<br>(খ) সংশ্লিষ্ট বিষয়ে বাস্তব অভিজ্ঞতা; এবং<br>(গ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকিতে হইবে। |
| ২৩। | লেজার কীপার | প্রবিধান ৫৬ক (১) দ্রষ্টব্য। | | |
| ২৪। | ক্যাটালগার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞানে স্নাতক ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকিতে হইবে। |
| ২৫। | প্রজেক্টর অপারেটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেটসহ প্রজেক্টর চালানোর কাজে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা; এবং<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকিতে হইবে। |
| ২৬। | হিসাব সহকারী-কাম-কম্পিউটার মুদ্রক্ষরিক | প্রবিধান ৫৬ক (১) দ্রষ্টব্য। | | |
| ২৭। | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রক্ষরিক | নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেট, ডেসপাস রাইডার, দপ্তরী ও এম, এল, এস, এস (মন্ত্রণালয়/বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) বিধিমালা, ১৯৯৩ অনুযায়ী। তবে কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং, ইত্যাদির ক্ষেত্রে সর্বনিম্ন গতি "সাঁটলিপিকার বা স্টেনোগ্রাফার বা সাঁট মুদ্রাক্ষরিক বা স্টেনোটাইপিস্ট, অফিস সহকারী কাম মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক কাম অফিস সহকারী ও মুদ্রাক্ষরিক পদের পদবি পরিবর্তন ও নিয়োগ যোগ্যতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১০" অনুযায়ী। | | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ২৮। | ডাটা এন্ট্রি অপারেটর | ৩০ বৎসর | (ক) ২৫% পদে পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৭৫% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>(ক) ফটোকপি অপারেটর বা মাইক্রোফোন অপারেটর পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি; এবং<br>(খ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং এ নিম্নরূপ সর্বনিম্ন গতি থাকিতে হইবে-<br>(অ) বাংলা : প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ;<br>(আ) ইংরেজি : প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট; এবং<br>(খ) কম্পিউটার চালনার দক্ষতাসহ কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং এ নিম্নরূপ সর্বনিম্ন গতি থাকিতে হইবে।<br>(অ) বাংলা : প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ;<br>(আ) ইংরেজি : প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ। |
| ২৯। | বিক্রয়কর্মী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট; এবং<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকিতে হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৩০। | ইলেকট্রিশিয়ান | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট; এবং<br>(খ) বৈধ লাইসেন্সসহ ইলেকট্রিক কাজে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ৩১। | ড্রাইভার | Gazetted and Non-Gazetted Staff (Government Transport Directorate Recruitment Rules, 1984 অনুযায়ী। | | |
| ৩২। | ফটোকপি অপারেটর | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>বুক বেয়ারার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরিসহ ফটোকপি মেশিন চালানোর বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট; এবং<br>(খ) সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ৩৩। | মাইক্রোফোন অপারেটর | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>বুক বেয়ারার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরিসহ মাইক চালানোর বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট; এবং<br>(খ) সংশ্লিষ্ট বিষয়ে ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৩৪। | বুক বেয়ারার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট। |
| ৩৫। | অফিস সহায়ক | অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত "আউট সোর্সিং (Out Sourcing)" এর মাধ্যমে "সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮" অনুযায়ী। | | |
| ৩৬। | নিরাপত্তা প্রহরী | অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত "আউট সোর্সিং (Out Sourcing)" এর মাধ্যমে "সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮" অনুযায়ী। | | |
| ৩৭। | পরিচ্ছন্নতাকর্মী | অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত "আউট সোর্সিং (Out Sourcing)" এর মাধ্যমে "সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮" অনুযায়ী। | | |

বাংলাদেশ শিশু একাডেমীর আদেশক্রমে

**আনজীর লিটন**
পরিচালক।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd